

বাংলাদেশ

## ‘ভূমিকম্প আতঙ্কে’ রোববার জগন্নাথ বিশ্ববিদ্যালয়ে ক্লাস-পরীক্ষা বন্ধ

প্রতিবেদক জগন্নাথ বিশ্ববিদ্যালয়

প্রকাশ: ২৩ নভেম্বর ২০২৫, ০০: ১৩



জগন্নাথ বিশ্ববিদ্যালয় ছবি: প্রথম আলো

ভূমিকম্প নিয়ে উদ্বেগের কারণে রোববার জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের সব ধরনের ক্লাস ও পরীক্ষা বন্ধ থাকবে। তবে জগন্নাথ বিশ্ববিদ্যালয় কেন্দ্রীয় ছাত্র সংসদ (জকসু) নির্বাচনের কার্যক্রম ও দাপ্তরিক কর্মকাণ্ড চালু থাকবে।

শনিবার বিষয়টি নিশ্চিত করেছেন জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক মো. রেজাউল করিম। তিনি বলেন, ‘শিক্ষার্থীরা কয়েক দফায় হওয়া ভূমিকম্পের কারণে আতঙ্কগ্রস্ত হয়ে পড়েছেন। এ জন্য আমরা এই সিদ্ধান্ত নিয়েছি। পরিস্থিতি কোন দিকে যায়, সেই বিবেচনা করে সোমবার আমরা পরবর্তী সিদ্ধান্ত জানিয়ে দেব।’

শনিবার রাত সোয়া নয়টার দিকে বিশ্ববিদ্যালয়ের জনসংযোগ দপ্তর থেকে প্রকাশিত এক বিজ্ঞপ্তিতে জানানো হয়েছে, রোববার শিক্ষার্থীদের পরিবহনসেবা বন্ধ থাকবে। শিক্ষক ও কর্মকর্তা-কর্মচারীদের বাস যথারীতি চালু থাকবে। স্থগিত করা পরীক্ষার নতুন সময়সূচি সংশ্লিষ্ট বিভাগ যথাসময়ে ঘোষণা করবে। এ ছাড়া সবাইকে প্রয়োজনীয় সতর্কতা মেনে চলারও অনুরোধ জানানো হয়েছে বিজ্ঞপ্তিতে।

---

